জীবন বীমা কর্পোরেশন
অর্থ বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা ।

বিষয়:- জীবন বীমা কর্পোরেশনের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রথম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০১৯) বাস্তবায়ন নিয়ে আলোচনা এবং ভবিষৎ কর্মপরিকল্পনা মোতাবেক কার্য সম্পাদনের জন্য নৈতিকতা কমিটির ১৭তম সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/ ০৯ অক্টোবর, ২০১৯ খ্রিঃ

সময় ও স্থান : দুপুর ১২:০০ ঘটিকায় এক্সিকিউটিভ কনফারেন্স রুম (লেভেল-২), জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

সভাপতি: ম্যানেজিং ডাইরেক্টর, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা 'পরিশিষ্ট - ক' সংযুক্ত

১। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মাসুদ মিয়া, ম্যানেজার-অর্থ, গত ২৪/০৬/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৬তম সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সভাকে অবহিত করেন। কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

২। সভাপতির আহ্বানে সদস্য সচিব জীবন বীমা কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি অর্থ বছর ২০১৯-২০২০ এর প্রথম কোয়ার্টার জুলাই-সেপ্টেম্ব/১৯ এর ছক উপস্থাপন করেন। কমিটি উল্লিখিত ছক বিস্তারিত আলোচনার পর সংশোধন করে অনুমোদন দেয়। উল্লিখিত অর্থ বছরের দ্বিতীয় কোয়ার্টার অক্টোবর-ডিসেম্বর/১৯ বাস্তবায়ন নিয়ে কমিটি আলোচনা ও পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত দেয়।

(ক) কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৫.১ অনুচ্ছেদ এ উল্লিখিত উত্তম চর্চা নিয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে। আলোচনায় সিদ্ধান্ত হয় উত্তম চর্চার তালিকা আইসিটি ডিভিশনে প্রদান করতে হবে। আইসিটি ডিভিশন সিনেসিস আইটি এবং নিজেদের জনবল দিয়ে উত্তম চর্চা বাস্তবায়ন করবে।

(খ) কর্পোরেশনের ইনোভেশন পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। আলোচনা শেষে ইনোভেশন কমিটির পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিষয় আইসিটি ডিভিশন কর্তৃক জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

(গ) কর্মপরিকল্পনার ৫.২ অনুচ্ছেদ এ উল্লিখিত বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ নিয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে। আলোচনান্তে কমিটি আইসিটি ডিভিশন এর জনাব আবু আবেদ মোঃ শোয়াইব সিনিয়র সিস্টেম এনালিষ্টকে ফোকাল পয়েন্ট এবং জনাব মেহেদি হাসান সিস্টেম এনালিষ্টকে বিকল্প ফোকাল পয়েন্ট হিসাবে নিয়োগ দেয়।

(ঘ) কর্মপরিকল্পনার ৫.৩ অনুচ্ছেদ এ উল্লিখিত জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭ এর বিধি ৪ অনুসারে ডেজিগনেটেড অফিসার নিয়োগ নিয়ে কমিটি আলোচনা করেন। আলোচনা শেষে জেনারেল ম্যানেজার ডাঃ মোঃ আমিনুল ইসলাম মহোদয়কে ডেজিগনেটেড অফিসার নিয়োগ দেয়া হয়।

(ঙ) কর্মপরিকল্পনার ৭.১ অনুচ্ছেদ এ উল্লিখিত পিপিআর ২০০৬ এর ধার ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ নিয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে। আলোচনায় সিদ্ধান্ত হয় যে, বিভিন্ন বিভাগের ক্রয় পরিকল্পনা একত্র করে তা কর্পোরেশনে ওয়েবসাইটে প্রকাশ করার নিমিত্তে আইসিটি ডিভিশনে প্রেরণের জন্য জনাব মোঃ ফেরদৌস আলম খান-ম্যানেজার হিসাব, প্রধান কার্যালয়, ঢাকাকে দায়িত্ব দেয়া হয়।

(চ) কর্মপরিকল্পনার ৮.২ অনুচ্ছেদ এ উল্লিখিত শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন করায় বিষয় কমিটি আলোচনা করে। আলোচনায় কমিটি সিদ্ধান্ত দেয়, এ কার্যক্রম করার জন্য সকল অফিসে সার্কুলার করতে হবে। সার্কুলার ইস্যু করার দায়িত্ব দেয়া হয় জনাব মো: মাসুম মিয়া-ম্যানেজার অর্থকে।

(ছ) কর্মপরিকল্পনার ৮.৪ অনুচ্ছেদ এ উল্লিখিত সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথি শ্রেনী বিন্যাসকরণ নিয়ে আলোচনা হয়। আলোচনায় সিদ্ধান্ত হয় কর্পোরেশনের সকল দপ্তর সচিবালয় নির্দেশমালা ২০১৪ মোতাবেক নথি শ্রেণী বিন্যাস করে ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়কে অবহিত করতে হবে।

(জ) কর্মপরিকল্পনার ৮.৬ অনুচ্ছেদে প্রতিষ্ঠানিক গণশুনানি নিয়ে আলোচনা করে। আলোচনায় ২য় কোয়াটারে জীবন বীমা কর্পোরেশনের খুলনা ও বরিশাল রিজিওনাল অফিসে গণশুনানির করার সিদ্ধান্ত হয়। গণশুনানি করার দায়িত্ব দেয়া হয় জিএম-প্রশাসন ও জিএম-উন্নয়নকে।

(ঝ) কর্পোরেশনের বিভিন্ন জায়গায় দূর্নীতি মুক্ত স্টিকার লাগানোর জন্য আলোচনা হয়। এ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য জনাব মোঃ ফারুক হোসেন, ম্যানেজার-প্রশাসন মহোদয়কে দায়িত্ব দেয়া হয়।

(ঞ) কর্মপরিকল্পনার ১০.১ অনুচ্ছেদ এ উল্লিখিত পুরস্কার প্রদানের বিষয় আলোচনা হয়। আলোচনায় সভাপতি মহোদয় পুরস্কার প্রদান কমিটির আহ্বায়ককে পুরস্কার প্রদানের জন্য এনআইএস নির্দেশিকা ও অন্যান্য ক্রাইটেরিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করেন।

(ট) কর্মপরিকল্পনার ১২.৩ অনুচ্ছেদ এ উল্লিখিত আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের যে সকল কার্যালয় কর্তৃক কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ দাখিল করেনি তাদের দাখিল করার জন্য পত্র দিতে হবে। দায়িত্ব দেয়া হয় ম্যানেজার-অর্থ মোঃ মাসুদ মিয়াকে।

৩. <u>আলোচনা শেষে কমিটির সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-</u>

ক্র. নং	বিষয় আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অনুচ্ছেদ ৫.১: Best Practice বাস্তবায়ন		
ক)	কর্পোরেশনের Best Practice নিয়ে কমিটি আলোচনা করে।	Best Practice এর তালিকা আইসিটি ডিভিশনে প্রেরণ করতে হবে। আইসিটি ডিভিশন সিনেসিস আইটি এবং নিজেদের জনবল দিয়ে Best Practice সম্পন্ন করবে।	জিএম আইসিটি
খ)	অনুচ্ছেদ ৫.২: ডিজিটাল আর্কিটেকচার		
	উল্লিখিত অনুচ্ছেদ নিয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে কমিটি গঠন করে।	কমিটি ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট সিনিয়র সিস্টেম এনালিষ্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সিস্টেম এনালিষ্ট আইসিটিকে নিয়োগ দেয়।	নিয়োগকৃত কর্মকর্তাদ্বয়
গ)	অনুচ্ছেদ ৫.১৩: জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ		
	উক্ত অনুচ্ছেদ নিয়ে কমিটি আলোচনা করে।	জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ এর ডেজিগনেটেড কর্মকর্তা নিয়োগ দেয়া হয় জিএম-প্রশাসন মহোদয়কে।	জিএম প্রশাসন
ঘ)	অনুচ্ছেদ ৭.১: এ পিপিআর মোতাবেক ক্রয় পরিকল্পনা।		
	কমিটি পিপিআর ২০০৬ ও পিপিআর ২০০৮ এর ধারা অনুযায়ী ২০১৯-২০২০ ক্রয় পরিকল্পনা নিয়ে আলোচনা করে।	বিভিন্ন দপ্তর হতে ক্রয় পরিকল্পনা সংগ্রহ করে ওয়েবসাইটে প্রদান করতে হবে।	ম্যানেজার-হিসাব
ঙ)	অনুচ্ছেদ ৮.২ অধীনস্থ অফিস পরিদর্শন।		
	অধীনস্থ অফিস পরিদর্শন নিয়ে কমিটি বিস্তারিত আলোচনা করে।	অধীনস্থ অফিস পরিদর্শনের সার্কুলার ইস্যু করার জন্য কমিটি সিদ্ধান্ত দেয়।	ম্যানেজার-অর্থ
চ)	অনুচ্ছেদ ৮.৪ এ সচিবালয় নির্দেশিকা-২০১৪		
	সচিবালয় নির্দেশিকা-২০১৪ নিয়ে কমিটি আলোচনা করে।	সচিবালয় নির্দেশিকা মোতাবেক কর্পোরেশন সকল দপ্তর নথি শ্রেণী বিন্যাস করে ম্যানেজিং ডাইরেক্টর	সংশ্লিষ্ট দপ্তর

ছ)	অনুচ্ছেদ ৮.৬: প্রতিষ্ঠানিক গণশুনানি		
	গণশুনানি নিয়ে কমিটি আলোচনা করে।	খুলনা ও বরিশাল রিজিওনে গণশুনানির সিদ্ধান্ত হয়।	জিএম- প্রশাসন ও জিএম-উন্নয়ন
জ)	অনুচ্ছেদ ১০.১: পুরস্কার প্রদান		
	পুরস্কার প্রদান বিষয়য়ে কমিটি বিস্তারিত আলোচনা করে। কমিটি পুরস্কার প্রদানের বিষয় একমত হয়।	সভাপতি মহোদয় পুরস্কার প্রদানের জন্য এনআইএস নির্দেশিকা ও অন্যান্য ক্রাইটেরিয়া অনুসরন করার জন্য অনুরোধ করেন।	গঠিত কমিটি
ঝ)	অনুচ্ছেদ ১২.৩: মাঠ/আঞ্চলিক কর্ম পরিকল্পনা		
	আঞ্চলিক/মাঠ পর্যায়ে যে সকল রিজিওনাল অফিস ২০১-২০২০ এর কর্ম পরিকল্পনা দেয়নি তা নিয়ে আলোচনা হয়।	যে সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ে রিজিওনাল অফিস কর্ম পরিকল্পনা দেয়নি জরুবী ভিত্তিতে প্রদান করার জন্য পত্র প্রদান করতে হবে।	ম্যানেজার-অর্থ
ঞ)	ইনোভেশন বাস্তবায়ন		
	মন্ত্রণালয়ে যে ইনোভেশনের পরিকল্পনা প্রেরণ করার হয়েছে তা জরুরী বাস্তবায়ন করার বিষয় কমিটি বিস্তারিত আলোচনা করে।	কর্পোরেশনের সাথে চুক্তিবদ্ধ সিনোসিশ ও নিজস্ব জনবল দিয়ে জরুরী ভিত্তিতে ইনোভেশন কার্য সম্পন্ন করা।	জিএম-আইসিটি
ট)	দূর্নীতি		
	কর্পোরেশনের বিভিন্ন স্থানে দূর্নীতি মুক্ত স্লোগান সংক্রান্ত স্টিকার লাগানোর বিষয় আলোচনা করে।	কর্পোরেশনের গুরুত্বপূর্ন স্থানে দূর্নীতি মুক্ত স্লোগান সংক্রান্ত স্টিকার লাগানোর জন্য সিদ্ধান্ত হয়।	ম্যানেজার-প্রশাসন

আলোচনার আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ম্যানেজিং ডাইরেক্টর
ও
সভাপতি,নৈতিকতা কমিটি
জীবন বীমা কর্পোরেশন।

বিতরণ: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ, এসবিসি টাওয়ার, ৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা।
৩. জেনারেল ম্যানেজার-প্রশাসন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. জেনারেল ম্যানেজার-গ্রুপ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. জেনারেল ম্যানেজার- উন্নয়ন ও আইসিটি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জেনারেল ম্যানেজার- প্রকৌশল ও সম্পত্তি ডিভিশন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. সকল রিজিওনাল ইনচার্জ
৯. ডেপুটি জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. ডেপুটি জেনারেল ম্যানেজার(চ:দা:)-অডিট, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট-আইসিটি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. ম্যানেজার- প্রশাসন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. ম্যানেজার-অর্থ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. ম্যানেজার-হিসাব, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫. পি এস টু এমডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।